গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১১.১৯-১২৬

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৪ জুন ২০২৩

বিষয়: **বকেয়া বেতন-ভাতা দাবী সংক্রান্ত আবেদন সঠিকভাবে দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এমপিওভুক্ত মাদ্রাসাসমূহের শিক্ষক-কর্মচারীর বকেয়া বেতন-ভাতাদির আবেদন মেমিস সফটওয়্যার এর মাধ্যমে অনলাইনে কিংবা হার্ড কপিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়। কিন্তু প্রায়ই দেখা যায় যে, প্রতিষ্ঠান প্রধান/জেলা শিক্ষা অফিসার কিংবা উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিসার এর অগ্রায়ণ থাকে না কিংবা ইতোপূর্বে প্রেরিত নির্ধারিত ছক অনুযায়ী মাস ও খাতভিত্তিক বকেয়া দাবি সঠিকভাবে থাকে না। এছাড়া বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠোমো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ সংশোধিত) এর পরিশিষ্ট "ঙ" মোতাবেক চাহিত তথ্যাদি ও অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টস সংযুক্ত করা হয় না। **বকেয়া বেতন-ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদনসমূহ সঠিকভাবে যাচাই-বাছাই কাজ সম্পন্নের জন্য অনেক সময় প্রয়োজন হয় বিধায় ০৬ (ছয়) মাস পর্যন্ত অনলাইনে বকেয়ার আবেদন নিষ্পত্তির সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।**

এমতাবস্থায়, এখন থেকে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের **অনুর্ধ্ব ৩ (তিন) মাস** (৫৭.২৫.০০০০.০০২.০৮.০১১.১৯-১০৩; তারিখ: ২৫ মে ২০২২) সংখ্যক স্মারকের জারীকৃত পত্র বাতিলপূর্বক **অনুর্ধ্ব ৬ (ছয়) মাস** পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদির আবেদন মেমিস সফটওয়্যার এর মাধ্যমে **অনলাইনে** এবং **৬ (ছয়) মাসের বেশী সময়ের** ও বিজ্ঞ আদালতের আদেশমূলে দাবীকৃত বকেয়া বেতন-ভাতাদির আবেদনে প্রতিকারপ্রার্থীর নিজস্ব স্বাক্ষর, প্রতিষ্ঠান প্রধান/জেলা শিক্ষা অফিসার কিংবা উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিসারের অগ্রায়ণ **হার্ড কপিতে** মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত ছক এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠোমো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ সংশোধিত) এর পরিশিষ্ট "ঙ" মোতাবেক চাহিত তথ্যাদি ও অন্যান্য ডকুমেন্টসসহ দাখিল করতে হবে। সংশ্লিষ্ট সকলকে **উপরিল্লিখিত বিষয়াদি অনুসরণ** করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/৬/২৩
মোহাম্মদ আবু নঈম
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

অধ্যক্ষ/সুপার
.................... (এমপিওভুক্ত সকল মাদ্রাসা)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১১.১৯-

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৪ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১। জেলা প্রশাসক...... (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার ....(সকল)
৩। জেলা শিক্ষা অফিসার ..........(সকল)
৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ....(সকল)

} তাঁর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে)

১। অতিরিক্ত সচিব, (প্রশাসন ও উন্নয়ন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২। উপসচিব, (এমপিও),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩। প্রকল্প পরিচালক/ সিস্টেম এনালিষ্ট, মেমিস প্রকল্প।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৫। মাহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৪/৬/২৩
মোঃ লুৎফর রহমান
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর